

সাংস্কৃতিক অগ্রযাত্রায় নবশ্রম



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
তথ্য মন্ত্রণালয়



(অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬)
ই-মেইল: bctibd2013@gmail.com ওয়েবসাইট: www.bcti.gov.bd

নং- বাচটেই-২২৯/প্রশা/ চলচ্চিত্র অনুধাবন-১/২০২১/১৪৯৮৯

তারিখ: ২১ মার্চ, ২০২১

ভর্তি বিজ্ঞপ্তি

১ম চলচ্চিত্র অনুধাবন কোর্স

1st Film Appreciation Course

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এ ০৬ (ছয়) সপ্তাহ মেয়াদি ১ম চলচ্চিত্র অনুধাবন কোর্স-এর ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

কোর্সের শিরোনাম	:	“১ম চলচ্চিত্র অনুধাবন কোর্স” 1st Film Appreciation Course
কোর্সের মেয়াদ	:	০৬ (ছয়) সপ্তাহ
প্রশিক্ষণ সময়	:	সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত, শুক্র, শনিবার এবং সরকারি ছুটির দিন বন্ধ। (পবিত্র রমজান মাসে সরকারি নির্দেশনা অনুযায়ী সময়সূচি পুনর্নির্ধারণ করা হবে।)
প্রশিক্ষণার্থীর যোগ্যতা	:	ন্যূনতম এইচ.এস.সি/সমমান।
প্রশিক্ষণের বিষয়	:	চলচ্চিত্র শিল্পের প্রকৃতি, অন্যান্য শিল্প মাধ্যম-থিয়েটার, সাহিত্য, চিত্রশিল্প, ফটোগ্রাফি ইত্যাদি-এর সাথে চলচ্চিত্রের সম্পর্ক, চলচ্চিত্র ভাষার বিকাশ, চলচ্চিত্রের ঐতিহাসিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট, শটে স্থান-কালের ধারণা, চলচ্চিত্রের ধরন বিশ্লেষণ, চলচ্চিত্র ভাষার উপাদানসমূহ আলোচনা ও বিশ্লেষণ। নির্মাতা দলের সদস্যদের দায়িত্ব ও কার্যাবলি।
আবেদনের শেষ তারিখ	:	১৪ এপ্রিল ২০২১, বুধবার। আবেদনপত্র সরাসরি, অনলাইনে অথবা ডাকযোগে নির্ধারিত ঠিকানায় যথাসময়ে পৌঁছাতে হবে। সেক্ষেত্রে, অনলাইন থেকে ভর্তি ফরম ডাউনলোড করে নিতে হবে।
আবেদনপত্রে যেসব তথ্য থাকতে হবে	:	নাম, পিতা ও মাতার নাম, বয়স, শিক্ষাগত যোগ্যতা, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয় পরিচয়পত্রের নম্বর, প্রশিক্ষণ, অভিজ্ঞতা, মুঠোফোন নম্বর, ই-মেইল প্রভৃতি তথ্যাদিসহ জীবন-বৃত্তান্ত।
সংযুক্ত কাগজপত্রাদি	:	০২ কপি পাসপোর্ট সাইজের ছবি; শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ; জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব ও চারিত্রিক সনদের সত্যায়িত কপি।
বাছাই পরীক্ষা	:	২০ এপ্রিল ২০২১ তারিখ, মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় বিসিটিআই ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। লিখিত অথবা মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থীদের তালিকা চূড়ান্ত করা হবে।
প্রশিক্ষণ ফি	:	চূড়ান্ত মনোনীত প্রার্থীদের ২,০০০/- টাকা (দুই হাজার টাকা মাত্র) বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর অনুকূলে ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।
ক্লাশ শুরু	:	২৮ এপ্রিল ২০২১, বুধবার (সম্ভাব্য)।

প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬ বরাবর নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। প্রার্থী নির্বাচনের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রয়োজনীয় তথ্যাদির জন্য যোগাযোগ- ০১৬৭৬৬৮৭৩৬, ০১৪০৫৪৯৩০৯৩।

(স্বাক্ষর) ২১/৩/২০২১
(মো: আবুল কালাম আজাদ)

প্রধান নির্বাহী

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

ফোন: ০২-৫৫০৭৯৩৪০